

দেশ কনপান্তৰ

তারিখঃ ২৯/০১/২০২১ (পঃ ০৮)

বি ও বিনা ধান জনপ্রিয় করতে হবে : কৃষিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

কৃষিমন্ত্রী আবদুর রাজ্জাক বলেছেন, বি ও বিনা উন্নতিবিত অনেকগুলো ভালো জাত (ধানের জাত) রয়েছে। এগুলো, বিশেষ করে বি-৮৭ ও বিনা-১৬ চাষ দ্রুত কৃষকের কাছে জনপ্রিয় করতে হবে। এগুলোর চাষ করতে পারলে একই জমি থেকে ধান উৎপাদন বহুগুণে বৃদ্ধি পাবে। গতকাল বৃহৎপ্রতিবার মন্ত্রণালয়ের সম্মেলনে কক্ষ থেকে অনলাইনে বার্ষিক উন্নয়ন প্রকল্পের (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় সভায় তিনি এসব কথা বলেন। সভার সঞ্চালনা করেন কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. মেসবাহুল ইসলাম। সভায় জানানো হয়, চলমান ২০২০-২১ অর্থবছরের এডিপিতে কৃষি মন্ত্রণালয়ের আওতায় ৬৮টি প্রকল্পের অনুকূলে মোট ২ হাজার ৩৬১ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ডিসেম্বর ২০২০ পর্যন্ত বাস্তবায়ন হয়েছে ২৯ শতাংশ। যেখানে জাতীয় গড় অগ্রগতি প্রায় ২৪ শতাংশ। কৃষিমন্ত্রী এ সময় অর্থবছরের বাকি ৫ মাসের মধ্যে বার্ষিক উন্নয়ন প্রকল্পগুলো লক্ষ্যমাত্রা অন্যায়ী বাস্তবায়ন করার তাগিদ দেন।

কৃষিমন্ত্রী বলেন, ধানের উৎপাদন বৃদ্ধির জন্য বি ও বিনা উন্নতিবিত ধানের জাত থেকে সেগুলো বাছাই করে সমন্বিত কর্মসূচির মাধ্যমে দ্রুত কৃষকের কাছে নিয়ে যেতে হবে। সেগুলো জনপ্রিয় করতে হবে। আপনারা (কৃষি বিভাগের কর্মকর্তারা) এটা করবেন। ক্রমবর্ধমান জনগোষ্ঠীর খাদ্য চাহিদা পূরণে ধানের উৎপাদন বাঢ়াতে হবে।

মন্ত্রণালয়ের সচিব মো. মেসবাহুল ইসলাম সভায় প্রকল্পের অগ্রগতি তুলে ধরে বলেন, বর্তমান অর্থবছরে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত অর্জিত জাতীয় গড় অগ্রগতি অপেক্ষা এ মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বেশি হয়েছে। এই ধারা অব্যাহত রাখা ও যথাসময়ে গুণগতমান বজায় রেখে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালকদের কাজ করতে হবে। সভায় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ড. মো. আবদুর রোফ, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মো. হাসানুজ্জামান কল্লোল, অতিরিক্ত সচিব (পিপিসি) মো. রফিল আমিন তালুকদার, যুগ্ম সচিব (পরিকল্পনা) মো. রেজাউল করিম এবং সংস্থাপ্রধানসহ প্রকল্প পরিচালকরা উপস্থিত ছিলেন।

ঘানের সেরা জাতগুলো কৃষকের কাছে নেওয়ার নির্দেশ কৃষিমন্ত্রীর

১৯৮৪ থেকে

তারিখ : ২৯/০১/২০২১ (পঃ ১৫)

■ ঘানের সেরা জাতগুলো কৃষকের কাছে নেওয়ার নির্দেশ কৃষিমন্ত্রীর

ঘানের উৎপাদন বৃদ্ধির জন্য বি ও বিনা উচ্চাবিত ঘানের জাত থেকে সেরাগুলো
বাছাই করে দ্রুত কৃষকের কাছে নিয়ে যেতে কৃষি বিভাগের কর্মকর্তাদের নির্দেশ
দিয়েছেন কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজজাক।

বৃহস্পতিবার সচিবালয় থেকে অনলাইনে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)
বাস্তবায়ন অঙ্গগতি পর্যালোচনা সভায় মন্ত্রী এ নির্দেশ দেন। কৃষি মন্ত্রণালয়ের সচিব
মোঃ মেসবাহুল ইসলাম সভাটি সঞ্চালনা করেন।

মন্ত্রী বলেন, 'ক্রমবর্ধমান জনগোষ্ঠীর খাদ্য চাহিদী পূরণে ঘানের উৎপাদন বাঢ়াতে
হবে। বি ও বিনা উচ্চাবিত অনেক ভালো জাত রয়েছে, বিশেষ করে বি-৮৭ ও
বিনা-১৬ চাষ দ্রুত কৃষকের কাছে জনপ্রিয় করতে হবে। এগুলো চাষ করতে
পারলে একই জমি থেকে খান উৎপাদন বৃহগুণে বৃদ্ধি পাবে।'

সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মো. আব্দুর রোফ, অতিরিক্ত
সচিব (সম্প্রসারণ) মো. হাসানুজ্জামান কঙ্গোল, অতিরিক্ত সচিব (পিপিসি) মো.
রফিউল আমিন তালুকদার, যুগ্মসচিব (পরিকল্পনা) মো. রেজাতিল করিয় এবং
সংস্থাপ্তধানসহ প্রকল্প পরিচালকরা ছিলেন।

মুক্তি

তারিখ : ২৯/০১/২০২১ (পঃ ১৩)

ধানের সেরা জাতগুলো দ্রুত কৃষকদের দিন — কৃষিমন্ত্রী

যুগান্তর প্রতিবেদন

ধানের উৎপাদন বাড়াতে সেরা জাতগুলো কৃষকদের কাছে দ্রুত পৌছে দিতে কৃষি বিভাগের কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। বৃহস্পতিবার সচিবালয় থেকে অনলাইনে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় তিনি বলেন, বি ও বিনা উন্নতিবিত ধানের জাত থেকে সেরাগুলো সমন্বিত কর্মসূচির মাধ্যমে দ্রুত জনপ্রিয় করে তুলতে হবে।

কৃষিমন্ত্রী ড. রাজ্জাক আরও বলেন, ক্রমবর্ধমান জনগোষ্ঠীর খাদ্য চাহিদা পূরণে ধানের উৎপাদন বাড়াতে হবে। বি ও বিনা উন্নতিবিত অনেকগুলো ভালো জাত রয়েছে। বিশেষ করে বি-৮৭ ও বিনা-১৬ চাষ দ্রুত কৃষকের কাছে জনপ্রিয় করতে হবে। এগুলো চাষ করতে পারলে একই জমি থেকে ধান উৎপাদন বৃদ্ধগুণে বেড়ে যাবে। এডিপি বাস্তবায়নের বিষয়ে তিনি বলেন, চলতি অর্ধবছরের অবশিষ্ট পাঁচ মাসের মধ্যে বার্ষিক উন্নয়ন প্রকল্পগুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। কৃষি মন্ত্রণালয়ের সচিব মেসবাহুল ইসলাম সভাটি সঞ্চালনা করেন। সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) আবদুর রোফ, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) হাসানুজ্জামান কর্তৃপক্ষ, অতিরিক্ত সচিব কুছুল আমিন তালুকদার, প্রামুখ উপস্থিতি ছিলেন।